

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

8৬: 'দু'জন ব্যক্তিকে কবরে শাস্তি দেওয়া হচ্ছিল। ফলে শাস্তি মাফের জন্য রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাদের কবরে খেজুরের ডাল পুঁতে দিলেন'[1] এই হাদীছের আলোকে কবরের উপরে গাছের কাঁচা ডাল ইত্যাদি পোঁতা কি সুন্নাত নাকি এটি রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর জন্য নির্দিষ্ট ছিল? আর তার জন্য নির্দিষ্ট হওয়ার দলীলইবা কি?

কবরের উপরে গাছের কাঁচা ডাল বা ঐ জাতীয় কিছু পোঁতা সুন্নাত নয়; বরং ইহা একদিকে যেমন বিদ'আত, অন্যদিকে তেমনি মৃত ব্যক্তি সম্পর্কে খারাপ ধারণা পোষণের শামিল। কেননা নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম সব কবরে এরূপ রাখতেন না। শুধুমাত্র ঐ কবর দু'টিতে তিনি রেখেছিলেন। কারণ তিনি জানতে পেরেছিলেন যে, তাদেরকে শান্তি দেওয়া হচ্ছে। অতএব, কবরের উপরে খেজুর ডাল পোঁতা মৃতের প্রতি অন্যায় এবং তার সম্পর্কে খারাপ ধারণা পোষণ বৈ কিছুই নয়। আর কেউ তার মুসলিম ভাই সম্পর্কে খারাপ ধারণা পোষণ করতে পারে না। কেননা কেউ কারো কবরের উপর খেজুরের ডাল পোঁতার অর্থই হচ্ছে, সে বিশ্বাস করে যে, ঐ কবরবাসীকে শান্তি দেওয়া হচ্ছে। কারণ রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম ঐ ব্যক্তিদ্বয়কে শান্তি দেওয়ার বিষয়টি জানতে পেরেছিলেন বলেই তো তাদের কবরের উপরে খেজুরের ডাল পুঁতেছিলেন।

সংক্ষিপ্তভাবে বলা যায়, ক্বরের উপরে খেজুরের ডাল বা এ জাতীয় কিছু পোঁতা বিদ'আত এবং মৃতব্যক্তি সম্পর্কে কু–ধারণা পোষণ। কেননা যে ডাল পুঁতে, সে মনে করে ক্বরবাসীকে শান্তি দেওয়া হচ্ছে। আর সেজন্যই তো সে তার শান্তি লাঘব করতে চায়। এখানে আরেকটি বিষয় হচ্ছে, আল্লাহ ঐ ব্যক্তিদ্বয়ের ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর সুপারিশ কবূল করেছিলেন; কিন্তু তিনি মৃত ব্যক্তির ক্ষেত্রে আমাদের সুপারিশ কবূল করবেন কিনা তা তো আমরা জানি না।

ফুটনোট

[1]. বুখারী, 'অযৃ' অধ্যায়, হা/২১৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1703

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন